



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MANAMA, KINGDOM OF BAHRAIN



সংবাদ বিজ্ঞপ্তি

মানামা, বাহরাইন, ১৪ ডিসেম্বর ২০২৩

বাংলাদেশ দূতাবাস, মানামা আজ ১৪ ডিসেম্বর স্থানীয় সময় বেলা ৩:০০ টায় শহীদ বুদ্ধিজীবী দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করে অনুষ্ঠানের শুরুতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ এবং দিবসটির উপর আলোচনার আয়োজন করা হয়।

চার্জ দ্যা অ্যাফেয়ার্স এ. কে. এম. মহিউদ্দিন কায়েস তাঁর বক্তব্যের শুরুতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, একাত্তরের মহান মুক্তিযুদ্ধের বিজয়ের ঠিক আগমুহূর্তে দেশের বুদ্ধিজীবীদের তথা জাতির শ্রেষ্ঠ সন্তানদের ১৪ ডিসেম্বর দোসররা পরিকল্পিতভাবে হত্যা করে। এ দিনটি দেশের স্বাধীনতা ও মুক্তি-সংগ্রামের ইতিহাসে এক বেদনার দিন। শহীদ বুদ্ধিজীবীদের আত্মত্যাগ বাঙালি জাতি চিরদিন গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ রাখবো। তিনি উপস্থিত সকলকে জাতির পিতার 'সোনার বাংলাদেশ' তথা প্রধানমন্ত্রীর 'স্মার্ট বাংলাদেশ' বিনির্মাণে একযোগে কাজ করার আহবান জানান।

পরিশেষে, শহীদ বুদ্ধিজীবী এবং স্বাধীনতা অর্জনে যারা শাহাদাত বরণ করেছে সকলের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। বাহরাইনস্থ বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তাবৃন্দ, কর্মচারীগণ এ অনুষ্ঠানে যোগ দেন।

